# AKASHVANI (Kolkata)
## Regional News Unit

**Date : 13-08-24** **Desk in Charge : SS**
**Time : 7-50 P.M.** **Compiling : SS**

**Opening Announcement –**

আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ কলকাতা হাইকোর্ট, আদালতের নজরদারিতে RG KAR হাসপাতালে চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও হত্যার CBI তদন্তের নির্দেশ দিয়েছে। তিন সপ্তাহ পর মামলার পরবর্তী শুনানির দিন তদন্তের অগ্রগতির রিপোর্ট জমা দিতে হবে।

# হাইকোর্টের নির্দেশের পরই, নবান্নে উচ্চ পর্যায়ের বৈঠকে বসেন মুখ্যমন্ত্রী।

২/ RG KAR হাসপাতালে সেমিনার রুমের আশপাশে সংস্কারের উদ্দেশ্য প্রমাণ লোপাট বলে অভিযোগ করে আগামীকাল রাজ্যের সমস্ত হাসপাতালে আউটডোর বিভাগ বন্ধের ডাক দিয়েছে চিকিৎসকদের যৌথ মঞ্চ।

৩/ জাতীয় মেডিক্যাল কমিশন, দেশের সমস্ত মেডিক্যাল কলেজে কাজের নিরাপদ পরিবেশ সুনিশ্চিত করা নিয়ে অ্যাডভাইজারি পাঠিয়েছে ।

৪/ RG KAR–এর ঘটনায় মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবীতে পথে নামছে বিজেপি।

৫/ সাধারণ রোগীদের কথা মাথায় রেখে চিকিৎসকদের কর্মবিরতি প্রত্যাহারের আবেদন জানিয়েছেন, রাজ্যের স্বাস্থ্য সচিব।

৬/ ৭৮-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে আগামীকাল সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জাতির উদ্দেশে ভাষণ দেবেন।

**************************************************************

কলকাতা হাইকোর্ট, RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও হত্যার CBI তদন্তের নির্দেশ দিয়েছে। কেস ডায়েরী খতিয়ে দেখার পর আজ এই নির্দেশ দেন প্রধান বিচারপতি T S শিবজ্ঞানম ও বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ। রাজ্যের হাতে থাকা সব তথ্য প্রমাণ ও নথি এবং পুলিশের সংগ্রহ করা সমস্ত CCTV ফুটেজ, CBI-এর হাতে তুলে দিতে হবে। আদালতের নজরদারিতে তদন্ত হবে বলেও নির্দেশ দিয়েছে হাইকোর্ট। তিন সপ্তাহ পর মামলার পরবর্তী শুনানির দিন CBI-কে তদন্তের অগ্রগতির রিপোর্ট জমা দিতে হবে।

RG KAR কান্ডে পুলিশের ভূমিকায় অসন্তোষ প্রকাশ করে প্রধান বিচারপতির বেঞ্চ বলেন, নিহত নির্যাতিতার বাবা-মা-র আশঙ্কা, এভাবে তদন্ত চললে তা' সঠিক লক্ষ্যে পৌঁছবে না। একাধিক জনস্বার্থ মামলার শুনানিতে আজ মৃতার পরিবারের আইনজীবি বিকাশরঞ্জন ভট্টাচার্য জানান, প্রথমে পরিবারকে কেউ ফোন করে বলেছিলেন তাঁদের মেয়ে অসুস্থ। তারপর আবার ফোন করে বলা হয় তাঁদের মেয়ে আত্মহত্যা করেছে।

দৃশ্যত'ই খুনের বিষয়টি স্পষ্ট হওয়া সত্বেও প্রথমে 'অস্বাভাবিক মৃত্যু'র মামলা রুজু করা হয়েছিল কেন, তা' নিয়েও প্রশ্ন ওঠে। হাসপাতালের অধ্যক্ষের ভূমিকায় তীব্র উষ্মা প্রকাশ করে আদালত। জবাবে রাজ্যের আইনজীবির বক্তব্যে বেঞ্চ সন্তুষ্ট হননি। মামলাকারীদের তরফে অবিলম্বে CBI তদন্তের নির্দেশ দেওয়ার আবেদন মেনে নেন প্রধান বিচারপতির বেঞ্চ।

পরে মামলাকারীদের আইনজীবি ফিরোজ এডুলজি সাংবাদিকদের বলেন, কেস ডায়েরী তাঁদের সওয়ালকে আরো মজবুত করেছে।

(বাইট- ফিরোজ এডুলজি )

*************************

কলকাতা হাইকোর্ট সিবিআই তদন্তের নির্দেশ দেওয়ার পরেই রাজ্য সরকার বৈঠকে বসে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্নে কলকাতার পুলিশ

কমিশনার বিনীত গোয়েল, মুখ্যসচিব ভগবতীপ্রসাদ গোপালিকা এবং রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারের সঙ্গে বৈঠক করেন বলে জানা গিয়েছে। এদিকে, হাই কোর্টের নির্দেশে সিবিআই-এর দল আজ টালা থানায় যায় ও FIR-এর কপি সংগ্রহ করে। তার আগে লালবাজারে ঘটনার রাতে চিকিৎসক তরুণীর সঙ্গে থাকা চার চিকিৎসক ও আরো কয়েকজনকে জিজ্ঞাসাবাদ করা হয় ।

*************************

এদিকে, RG KAR মেডিক্যাল কলেজে চিকিৎসকের ধর্ষণ ও খুনের প্রমাণ লোপাট করা নিয়ে বিভিন্ন মহলের আশঙ্কার মধ্যেই হাসপাতালের সেমিনার রুমের আশপাশে সংস্কারের কাজ নিয়ে আজ তুলকালাম কান্ড বাধে। পুলিশের সঙ্গে ধস্তাধস্তিতে জড়ান SFI ও DYFI কর্মী সদস্যরা। আন্দোলনকারীদের মধ্যেও এনিয়ে তীব্র প্রতিক্রিয়া তৈরী হয়েছে। ওই সেমিনার রুমেই গত শুক্রবার সকালে তরুণী পড়ুয়া চিকিৎসককে মৃত অবস্থায় পাওয়া যায়। টানা ডিউটি সেরে রাত তিনটে নাগাদ সেখানে ঘুমাতে গিয়েছিলেন তিনি।

সংস্কারের নামে প্রমাণ লোপাটের অভিযোগ করে, তার প্রতিবাদে আগামীকাল রাজ্যের সমস্ত সরকারি-বে সরকারি হাসপাতালের আউটডোর বিভাগ বন্ধের ডাক দিয়েছে 'জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স'।

সংগঠনের যুগ্ম আহ্বায়ক ডাক্তার পুণ্যব্রত গুণ ও ডাক্তার হীরালাল কোনার এক বিবৃতিতে বলেছেন, আগামীকাল সকাল ১০ টায় CBI তদন্তভার গ্রহণ করার আগেই সব কাজ সেরে ফেলা হচ্ছে। এই অবস্থায় রাজ্যের চিকিৎসক সমাজ কাল সকাল ৮'টা থেকে আঊটডোর ও জরুরী নয় এমন পরিষেবা বন্ধ রাখতে বাধ্য হচ্ছে।

*************************

জাতীয় মেডিক্যাল কমিশন, ডাক্তারি পড়ুয়াদের ওপর হিংসার যেকোনো ঘটনা ঘটা মাত্র সংশ্লিষ্ট মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষকে তদন্ত শুরু, পুলিশকে FIR দায়ের এবং ঘটনার ৪৮ ঘন্টার মধ্যে কমিশনকে 'অ্যাকশান টেকেন

রিপোর্ট’ পাঠানোর নির্দেশ দিয়েছে। দেশের সমস্ত মেডিক্যাল কলেজে কাজের নিরাপদ পরিবেশ সুনিশ্চিত করা নিয়ে অ্যাডভাইজারি পাঠিয়েছে কমিশন।

প্রতিবাদী চিকিৎসকদের কেন্দ্র, RG KAR-এর ঘটনায় দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার এবং চিকিৎসকদের ওপর আক্রমণের ঘটনা রুখতে প্রয়োজনীয় সব ব্যবস্থা কার্যকর করার আশ্বাস দিয়েছেন। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগত প্রকাশ নাড্ডা আজ নতুন দিল্লীতে ‘ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনে’র প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকে বসেন। কলকাতা হাইকোর্টের CBI তদন্তের নির্দেশকে স্বাগত জানান তিনি।

এদিকে, জাতীয় মানবাধিকার কমিশন, RG KAR হাসপাতালে মহিলা PGT ডাক্তারকে ধর্ষণ ও খুনের ঘটনা নিয়ে সংবাদ মাধ্যমে প্রকাশিত খবরের ভিত্তিতে স্বতঃপ্রণোদিত হয়ে মুখ্যসচিব ও রাজ্য পুলিশের ডিজিকে নোটিশ পাঠিয়েছে। দু-সপ্তাহের মধ্যে বিশদ রিপোর্ট পেশ করতে হবে তাঁদের।

অন্যদিকে, জাতীয় মহিলা কমিশনের সদস্যরা আজ RG KAR হাসপাতালে গিয়ে নতুন অধ্যক্ষ সুহৃতা পাল ও নতুন সুপার বুলবুল মুখোপাধ্যের সঙ্গে কথা বলেন। হাসপাতালটিও ঘুরে দেখেন তাঁরা। পরে কমিশনের সদস্য ডেলিনা খান্ডুপ সাংবাদিকদের বলেন, নিরাপত্তায় যে বড়সর গলদ রয়েছে, তাতে কোনো সন্দেহ নেই।

(বাইট- ডেলিনা খান্ডুপ)

*************************

আর জি করের ঘটনায় বিজেপি, রাজ্যের মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগ দাবী করেছে। আজ কলকাতায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সাংবাদিকদের বলেন, এই দাবীতে আগামীকাল থেকে তাঁরা আন্দোলনে নামবেন। রাজ্যের প্রতিটি মানুষের কাছে এই আন্দোলনে সামিল হবার আবেদন জানান তিনি।

হাইকোর্টের সি বি আই তদন্তের নির্দেশকে স্বাগত জানিয়ে শুভেন্দু বলেন, আদালতের প্রতি তাঁরা কৃতজ্ঞ।

( বাইট- শুভেন্দু )

ঘটনার প্রমাণ যাতে কেউ নষ্ট করতে না পারে, সেইজন্য মামলা রুজু করে দ্রুত তদন্তভার গ্রহণ করতে বিরোধী দলনেতা CBI-এর কাছে আবেদন জানিয়েছেন। তাঁর অভিযোগ, তদন্ত আটকানোর এবং দোষীদের আড়াল করার চেষ্টা হচ্ছিল। মৃতার প্রতি সহানুভুতি থাকলে মুখ্যমন্ত্রী অনেক আগেই তাঁর বাড়িতে যেতেন এবং আর জি করের অধ্যক্ষকে তাঁর পদ থেকে সরিয়ে দিতেন বলে'ও মন্তব্য করেন শুভেন্দু।

**************************

বিজেপি মহিলা মোর্চা আগামীকাল প্রতিবাদ ও ধিক্কার মিছিলের ডাক দিয়েছে। মোর্চার রাজ্য সভানেত্রী ফাল্গুনী পাত্র এক ভিডিও বার্তায় জানিয়েছেন, যেভাবে আরজি করের মহিলা চিকিৎসককে হত্যা করা হয়েছে, তার প্রতিবাদে সারা দেশে চিকিৎসকেরা এবং এ রাজ্যের প্রতিটি মানুষ ও সোচ্চার হয়েছেন।

এদিকে প্রদেশ কংগ্রেস'ও আগামীকাল কলকাতায় এক মিছিল করবে। দলের প্রবীণ নেতা অধীর রঞ্জন চৌধুরী জানিয়েছেন, বিধান ভবন থেকে প্রতিবাদ মিছিল শুরু হয়ে শেষ হবে ধর্মতলায়।

**************************

পড়ুয়া ডাক্তারের ধর্ষণ ও খুনের প্রতিবাদে এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে আজ পথে নামে গণতান্ত্রিক লেখক, শিল্পী, বুদ্ধিজীবি মঞ্চ। শ্যামবাজার থেকে মিছিল করে বিশিষ্টজনেরা পৌঁছে যান RG KAR হাসপাতালে আন্দোলনরত ডাক্তার ও ডাক্তারি পড়ুয়াদের মঞ্চে। শারীরিক কারণে মিছিলে অংশ নিতে না পারলেও সরাসরি RG করে সরাসরি পৌঁছে যান চিত্রপরিচালক অভিনেত্রী অপর্ণা সেন। দেরীতে আসার জন্য তাঁকে ঘিরে বিক্ষোভ দেখান CPIM কর্মী সমর্থকরা। তবে আন্দোলনকারীরা অপর্ণাকে ঘিরে রাখেন। স্পষ্ট ভাষায় অপর্ণা জানান, আন্দোলনকারীদের দাবী-দাওয়ার সঙ্গে তিনি একমত।

চিকিৎসক সহ বিভিন্ন পেশাজীবি, গণতান্ত্রিক ও নাগরিক এবং রাজনৈতিক বিভিন্ন সংগঠন'ও আজ প্রতিবাদ বিক্ষোভ কর্মসূচী পালন করে।

*************************

RG KAR কান্ডের প্রতিবাদে দেশজুড়ে তোলপাড় চলেছে। কর্তব্যরত অবস্থায় তরুণী চিকিৎসককে ধর্ষণ ও হত্যার স্বচ্ছ ও নিরপেক্ষ তদন্ত এবং কর্মক্ষেত্রে নিরাপত্তার দাবিতে জুনিয়র ডাক্তারদের কর্মবিরতির জেরে রাজ্যের বিভিন্ন হাসপাতালে আজ'ও বিঘ্নিত হয়েছে চিকিৎসা পরিষেবা। একাধিক মেডিক্যাল কলেজ হাসপাতালের ডাক্তারি পড়ুয়া, জুনিয়ার ডাক্তার ও নার্সরা আজ পথে নেমে প্রতিবাদ জানান।

এদিকে আসানসোল দক্ষিনের বিধায়ক অগ্নিমিত্রা পালের নেতৃত্বে বিজেপির কার্যকর্তারা আজ আসানসোল জেলা হাসপাতালের ডাক্তার ও নার্সদের সঙ্গে দেখা করেন এবং তাঁদের হাতে ফুলের স্তবক দিয়ে পাশে থাকার বার্তা দেন।

ABVP-র সদস্যরা CBI তদন্ত ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে আজ ডেপুটেশন দেন নদীয়ার জেলা শাসকের কাছে।

*************************

সাধারণ রোগীদের কথা মাথায় রেখে চিকিৎসকদের কর্মবিরতি প্রত্যাহারের আবেদন জানিয়েছেন রাজ্যের স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম। আজ এক সাংবাদিক বৈঠকে তিনি রাজ্যের চিকিৎসা ব্যবস্থা সচল রাখার আবেদন জানান।

( বাইট- নারায়ন )

সেই সঙ্গে আরজি করের ঘটনার কড়া নিন্দা করে স্বাস্থ্যসচিব বলেন, চিকিৎসকদের মর্যাদাকে সর্বাধিক গুরুত্ব দেওয়া হবে। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, এই ধরনের নিন্দনীয় ঘটনা যাতে আর কোন হাসপাতালে না ঘটে, সে বিষয়টি সরকার নিশ্চিত করবে। পাশাপাশি, রাজ্যের সরকারি হাসপাতালগুলিতে চিকিৎসা পরিষেবা স্বাভাবিক রাখাটাও সরকারের কর্তব্য।

নারায়ণ স্বরূপ নিগম আরও বলেন, রাজ্যে প্রতিদিন প্রায় ২ লক্ষ ওপিডি হয়, ১ লক্ষের বেশি টেলি মেডিসিন পরিষেবা দেওয়া হয়ে থাকে। আবার দৈনিক ১২ থেকে ১৫ হাজার মানুষ হাসপাতালে ইন্ডোর বিভাগে চিকিৎসা পরিষেবা নিয়ে থাকেন। কিন্তু ডাক্তারদের কর্ম বিরতির জেরে সেই পরিষেবা ভেঙে পড়েছে। সাধারণ মানুষ স্বাস্থ্য পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন। সেকারণেই সরকারি হাসপাতালে দ্রুত পরিষেবা স্বাভাবিক করার জন্য কর্মবিরতি প্রত্যাহার করা দরকার।

**************************

কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে রাজ্য সরকার RG KAR মেডিক্যাল কলেজের প্রাক্তন অধ্যক্ষ ডঃ সন্দীপ ঘোষকে পনেরো দিনের ছুটিতে পাঠিয়েছে। তবে, হাইকোর্টের নির্দেশের পর এই মুহূর্তে তার ছুটি অনুমোদন মূল্যহীন বলে মনে করা হচ্ছে।

আজ স্বাস্থ্য ভবনের তরফে জারি করা এক নির্দেশিকায় সন্দীপ ঘোষের পরিবর্তে ন্যাশনাল মেডিক্যাল কলেজ ও হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ অজয় রায়কে তাঁর পুরনো পদে পুনর্বহাল করার কথা জানানো হয়েছে। সন্দীপ ঘোষের নিয়োগের বিরোধিতায় আজ সকাল থেকে ন্যাশনাল মেডিক্যাল কলেজ চত্বর ছিল উত্তপ্ত। গেটে তালা ঝুলিয়ে অবস্থানে বসেন আন্দোলনকারীরা। রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান স্বর্ণকমল সাহা এবং জাভেদ খান তাদের সঙ্গে কথা বলতে গিয়ে তুমুল বিক্ষোভের মুখে পড়েন। সমবেত গো-ব্যাক স্লোগানের মধ্যে পরিষেবা স্বাভাবিক করার অনুরোধ জানাতে গিয়ে কার্যতঃ রণে ভঙ্গ দেন তাঁরা।

**************************

৭৮ তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে আগামীকাল সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জাতির উদ্দেশে ভাষণ দেবেন। শোনা যাবে সন্ধ্যা ৭ টা থেকে আকাশবাণী কলকাতার সবকটি প্রচারতরঙ্গে। এর প্রেক্ষিতে আগামীকালের সমীক্ষা বাতিল থাকছে। সন্ধ্যা ৭ টা ৩৫ এর বাংলা সংবাদ শোনা যাবে রাত

৮ টায়, স্থানীয় সংবাদের ঠিক পরেই গীতাঞ্জলী, মৈত্রী ও ১০৭ মেগাহার্টজে। রাষ্ট্রপতির ভাষণের বাংলা তর্জমা শুনবেন রাত সাড়ে ন টা থেকে।

১৫ ই আগস্ট দিল্লীর লালকেল্লার প্রাকারে জাতীয় পতাকা উত্তোলনের ধারা বিবরণী এবং প্রধানমন্ত্রীর ভাষণ সকাল ৭ টা থেকে সরাসরি সম্প্রচার করা হবে। শোনা যাবে সবক'টি প্রচারতরঙ্গে। এই অনুষ্ঠান শেষ হবার পর গীতাঞ্জলী, ১০৭ মেগাহার্টজ ও মৈত্রী প্রচার তরঙ্গে শুনবেন ১০ মিনিটের বাংলা সংবাদ।

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে রাত আটটায় গীতাঞ্জলি, ১০৭ ও এফএম গোল্ডে  সম্প্রচারিত হবে রাজ্যপাল সি ভি আনন্দ বোসের ভাষণ।

প্রধানমন্ত্রীর ভাষণের বাংলা অনুবাদ রাত সাড়ে ৯ টা থেকে সবকটি প্রচার তরঙ্গে সম্প্রচারিত হবে। এর প্রেক্ষিতে রাত ১০ টার বাংলা সংবাদ ১৫ ই আগস্ট বাতিল করা হয়েছে।

************************************************************